

## ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৭৩]

كتاب الاستغفار) अठ/ क्रमाश्रार्थनामृलक निर्मिशावली (كتاب الاستغفار)

পরিচ্ছেদঃ ৩৭১ : ক্ষমা প্রার্থনা করার আদেশ ও তার মাহাত্ম্য

(371) بَابُ الْأَمْرِ بِالْإِسْتِغْفَارِ وَفَصْلِهِ

আরবী

وعنِ ابْنِ عَبَّاسٍ رضِي اللهُ عنْهُما قَال : قالَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم: «منْ لَزِم الاسْتِغْفَار، جعل اللَّه لَهُ مِنْ كُلِّ ضِيقٍ مخْرجاً، ومنْ كُلِّ هَمٍّ فَرجاً، وَرَزَقَهُ مِنْ حَيْثُ لا يَحْتَسِبُ» رواه أبو داود

বাংলা

ে/১৮৮২। আবদুল্লাহ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে লোক সবসময় গুনাহ মাফ চাইতে থাকে [আস্তাগিফিরুল্লাহ পড়তে থাকে] আল্লাহ তাকে প্রতিটি সংকীর্ণতা অথবা কন্টকর অবস্থা থেকে বেরিয়ে আসার সুযোগ করে দেন, প্রতিটি দুশ্ভিত্তা থেকে তাকে মুক্ত করেন এবং তিনি তাকে এমন সব উৎস থেকে রিয়ক দেন যা সে কল্পনাও করতে পারে না। [আবূ দাউদ][1]

## **English**

(371) Chapter: Seeking Forgiveness

Ibn 'Abbas (May Allah be pleased with them) said:

The Messenger of Allah (ﷺ) said, "If anyone constantly seeks pardon (from Allah), Allah will appoint for him a way out of every distress and a relief from every anxiety, and will provide sustenance for him from where he expects not."

[Abu Dawud].

Commentary: The chain of this narration is weak. Refer to `The Book of Weak Narrations' by Al-Albani, Vol. I, page 142, No.705.



## ফুটনোট

[1] আমি [আলবানী) বলছিঃ কিন্তু হাদীসটির সনদে মাজহূল [অপরিচিত) বর্ণনাকারী রয়েছেন যেমনটি আমি "য'ঈফা" গ্রন্থে [৭০৬) আলোচনা করেছি। তিনি হচ্ছেন বর্ণনাকারী হাকাম ইবনু মুস'য়াব মাজহূল [অপরিচিত) বর্ণনাকারী। তাকে আবৃ হাতিম মাজহূল আখ্যা দিয়েছেন। ইবনু হিববানও তাকে দুর্বলদের অন্তর্ভুক্ত উল্লেখ করেছেন। [বিস্তারিত জানতে দেখুন "সহীহ্ আবী দাউদ-আলউম্মু" [২৬৮)]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন